



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাকাবো/বি/১৮১/ঢাকা/ ২৮১

তারিখ: ০৬/০৬/২০২২

বিষয়: প্রধান শিক্ষক পদে দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র: ১. বোর্ডের স্মারক নং ঢাকাবো/বি/১৮১/ঢাকা/৫৫২ তারিখ: ১১/১০/২০২১ এর আদেশ।

২. তদন্ত প্রতিবেদনের সুপারিশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত (১) এ উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক গঠিত তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের আলোকে গৃহীত সিদ্ধান্ত প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ নিম্নরূপ;

ঢাকা মহানগরীর কদমতলী থানাধীন সালাউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়ের বিদ্যমান ম্যানেজিং কমিটির (৭ ও ৮ ধারা) সভাপতি বহাল থাকা সত্ত্বেও তাঁকে অনুপস্থিত দেখিয়ে গত ০৫/০৬/২০২১ইং তারিখে ম্যানেজিং কমিটি গঠনসংক্রান্ত প্রবিধিমালা এস, আর, ও নং ৯৯-আইন/২০০৯ এর উপ-প্রবিধি ৩৫(২) লজ্জন করে, ম্যানেজিং কমিটির সদস্য জনাব সালমা রেজার সভাপতিত্বে সভা আহবান করা হয়। সভায় প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ মিজানুর রহমানকে সাময়িক বরখাস্ত করে জনাব জিয়াউল হক (জিয়া) কে প্রধান শিক্ষক (ভারপ্রাণ) হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। যা বিধিসম্মত নয় বলে তদন্ত প্রতিবেদনে প্রতিয়মান হয়েছে।

বর্তমানে বিদ্যালয়টির প্রধান শিক্ষক হিসেবে জনাব মোঃ মিজানুর রহমান বহাল আছেন মর্মে তদন্তে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, কমিটি না থাকায় উক্ত বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসাবে জনাব মোঃ মিজানুর রহমান দায়িত্ব পালন করবেন। এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনার সহযোগীতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

জেলা শিক্ষা অফিসার
ঢাকা।

মেমো নং- ২৮১ (৭)

তারিখ: ০৬/০৬/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান শিক্ষক, সালাউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়, কদমতলী, ঢাকা।
- ৭। জনাব, জিয়াউল হক (জিয়া), সহকারী প্রধান শিক্ষক, সালাউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়, কদমতলী, ঢাকা।
- ৮। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

২৮/০৬/২০২২

উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

*W.M.
02/06/2022*